মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসাতে চুরি

এবার মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের তত্বাবধায়কের বাসার তালা ভেঙ্গে চুরি সংঘটিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর থেকে বিকেলের মধ্যে যে কোনো সময় এই চুরির ঘটনা ঘটেছে বলে মনে করছে পুলিশ বিভাগ।
সংঘবদ্ধ চোরের দল তত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস সাত্তারের সরকারি কোয়ার্টারের বাসার দরজার হুক তুলে ফেলে ঘরে ঢুকে নগদ ৫০ হাজার টাকা ও একটি মোবাইল ফোন নিয়ে গেছে। এসময় ডা.জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে একটি মিটিং এ রয়েছেন।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দিন আহমেদ এ তথ্য নিশ্চিত কেরেছেন।

তিনি জানান, সন্ধ্যার দিকে হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা.মোখলেছুর রহমান নামাজে যাওয়ার সময় প্রথমে দরজা খোলা দেখে সেখানে গিয়ে চুরির ঘটনা জানতে পারেন।

চোরের দল টাকা ও মোবাইল ফোন নিয়ে গেলে ল্যাপটপ এবং ট্যাব নেননি। তার বেডরুমের উপর কিছু প্রয়োজনীয় কাগজপত্র ও পোশাক ছড়ানো ছিটানো ছিলো বলে জানান তিনি। এঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলে জানান ওসি তদন্ত।
তত্বাবধায়ক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার খুলনাতে থাকায় তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি

মুজিবনগরে গাছের সঙ্গে অটোর ধাক্কা, বাবা-ছেলে আহত

মেহেরপুরের ঐতিহাসিক স্থান মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ব্যাটারি চালিত ইজিবাইককের ধাক্কায় ফারুক

হোসেন (৫২) ও তার ছেলে সাঈদ হোসেন (১০) আহত হয়েছেন।

আজ বুধবার বেলা সাড়ে তিনটায় সময় মোনাখালী-মুজিবনগর সড়কে এ দুর্ঘটনা ঘটে। ফারুক হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মৃত সাবের হোসেনের ছেলে।

জানা গেছে, ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে ব্যাটারি চালিত ইজিবাইক গাছের সঙ্গে ধাক্কা খায়। ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন গুরুতর আহত হওয়াই স্থানীয়রা তাদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

আহত ফারুক হোসেন ও সাঈদ হোসেন এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।